

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ/১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৯০-আইন/২০১০/২৩০৮/শুল্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Act এর FIRST SCHEDULE এর কলাম (1) এর Heading No. 87.03 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট H.S. Code এর আওতাধীন নতুন মোটর গাড়ি ও যানবাহনের কাস্টমস্ ডিউটি আদায়কল্পে ন্যূনতম মূল্য (Minimum value) নির্ধারণের জন্য নিম্নরূপ শর্ত আরোপ করিল, যথা :-

শর্ত

(১) আমদানি দলিলাদির সঙ্গে আবশ্যিকভাবে গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নিকট হইতে গাড়ির মূল্য সম্পর্কে<sup>©</sup> Manufacturer's Price Certificate শুল্কায়নের পূর্বে দাখিল করিতে হইবে;

(২) যেইক্ষেত্রে প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হইতে উহা দাখিল করা সম্ভব হইবে না, সেইক্ষেত্রে প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ন্যূনতম ৩০% অংশীদারিত্ব মালিকানার ভিত্তিতে পরিচালিত বিপণন কোম্পানী কর্তৃক প্রদত্ত Manufacturer's Price Certificate গ্রহণযোগ্য হইবে। তবে ন্যূনতম ৩০% মালিকানার স্বপক্ষে প্রামাণ্য দলিলাদি সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট দাখিল করিতে হইবে;

(৩) প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিয়োগপ্রাপ্ত এজেন্ট/ডিলার কর্তৃক প্রদত্ত Price Certificate গ্রহণযোগ্য হইবে না; এবং

(৪) Manufacturer's Price Certificate এর মাধ্যমে প্রাপ্ত মূল্য শুল্কায়নের জন্য ন্যূনতম মূল্য (Minimum value) হিসাবে বিবেচ্য হইবে। তবে আমদানিকৃত গাড়ী

বা যানবাহনের ঘোষিত মূল্য উক্তরূপে নিরূপিত ন্যূনতম মূল্য অপেক্ষা অধিক হইলে ঘোষিত মূল্যে গুণ্কায়ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(ড. নাসিরউদ্দীন আহমেদ)

সচিব।